# উচ্চে ওঠার মই

অপূর্ব দত্ত



সাত বছরের মেয়ের নাকি সাতাশখানা বই,
বাপরে কী হৈ চৈ ।

ঢাউস ব্যাগে জলের বোতল, টিফিনকারি, ছাতা,
খান পঁচিশেক খাতা ।

ব্যাগের ভারে পিঠ বেঁকে যায়, ঘাড় হয়ে যায় কাত,
বয়স মোটে সাত ।

দিন শুরু হয় সকাল ছ'টায়, শেষ হতে রাত আটটা,
তোমারা ভাব ঠাট্টা ।

গানের ইস্কুল, নাচের টিচার, সাঁতার শিখে ফেরা,
সব বিষয়ে সেরা ।

কম্পিউটার ? আজকের দিনে সেটাও শেখার আছে
আঁকা ? বাবার কাছে ।

সময় যদি বাঁচে তখন কুইজ, 'কড়োরপতি'
এটাই অগ্রগতি ।

সাত বছরের মেয়ের নাকি সাতাশখানা বই,
উচ্চে ওঠার মই ।

**কাব্য পরিচয় ঃ**

কবিতাটিতে বর্তমান সমাজের এক বাস্তব ছবি এঁকেছেন কবি । যুগের সঙ্গে পাল্লা দিয়ে সময়ের হাত ধরে ছুটে চলেছে এখনকার পৃথিবী । দুরন্ত অথচ আনন্দের শৈশব শিশুর জীবন থেকে হারিয়ে গিয়েছে ।

সাত বছরের মেয়ে, যে নিতান্তই শিশু, তার পড়ার জন্য চাই সাতাশখানা বই আর পঁচিশখানা খাতা। নানারকম জিনিসে ভর্তি বিশাল ব্যাগের ভারে শিশু নুয়ে পড়েছে । শুধু পড়া নয়, গান, নাচ, সাঁতার, ছবি আঁকা সবেতেই তাকে সেরা হতে হবে । আবার কম্পিউটার না জানলে আজকের যুগে সে অচল। এত কিছুর পরে, সময় বাঁচলে 'ক্যুইজ' 'কড়োরপতি' ইত্যাদিও চলবে । কারণ, সম্প্রতিককালে এটাই নাকি অগ্রগতির পথ। উঁচুতে ওঠার জন্য এই সমস্ত কিছুর ভীষণ প্রয়োজন ।

কবি এই কবিতায় প্রচ্ছন্ন ব্যঙ্গের আড়ালে শিশুর হারিয়ে যাওয়া শৈশবের কথাই যেন স্মরণ করিয়ে দিয়েছেন।

**জেনে রাখো ঃ**

| | |
|---|---|
| **মই** — বাঁশের সিঁড়ি । | **উচ্চ** — উঁচু । |
| **ঢাউস** — বিরাট। | **ঠাট্টা** — পরিহাস, রঙ্গ । |
| **অগ্রগতি** — এগিয়ে চলা । | **সেরা** — সবচেয়ে ভালো । |

## পাঠবোধ ঃ

**সঠিক শব্দটি লেখো ঃ**

1. **সাত বছরের মেয়ের নাকি ........................................................................ বই ।**

   (ক) বারোখানা (খ) সাতাশখানা (গ) তিরিশখানা

2. **দিন শুরু হয় সকাল ছটায়, শেষ হতে রাত ................................................... ।**

   (ক) সাতটা (খ) দশটা (গ) আটটা

3. **গানের ইস্কুল, নাচের টিচার, ....................................................... শিখে ফেরা ।**
   **সব বিষয়ে সেরা ।**

   (ক) সাঁতার (খ) আবৃত্তি (গ) ছবি আঁকা

4. **ঢাউস ব্যাগে জলের বোতল । টিফিনকারি, ...................... খান পঁচিশেক খাতা ।**

   (ক) লাঠি (খ) স্কেল (গ) ছাতা

5. **........................................................ আজকের দিনে সেটাও শেখার আছে ।**

   (ক) মার্শাল আর্ট (খ) কম্পিউটার (গ) জিম্‌ন্যাস্টিক

**উত্তর দাও ঃ**

6. সাত বছরের মেয়ের জন্য কটা বই চাই ?
7. ক' খানা খাতার দরকার হয় ?
8. স্কুলের ব্যাগে কী কী আছে ?
9. ভারি ব্যাগ বয়ে নিয়ে যাবার কারণে মেয়েটি কী অবস্থা হয় ?
10. সাত বছরের মেয়ের দিনের শুরু আর শেষ কখন হয় ?
11. পড়াশোনা ছাড়াও আর কী কী মেয়েটিকে শিখতে হয় ?
12. ছবি আঁকা সে কার কাছে শেখে ?
13. পড়াশোনা, নাচ-গান, আঁকা ইত্যাদি করার পর সময় বাঁচলে সাত বছরের মেয়েটি আর কী কী করে ?
14. মই কোন্ কাজে লাগে ?

15. সাত বছরের মেয়েকে এত সব কিছু কেন করতে হয় ?

16. উচ্চে ওঠার মই কাকে বলা হয়েছে ?

**17. বাক্য বানাও ঃ**

ঢাউস, ছাতা, সাঁতার, কুইজ, কম্পিউটার, মই ।

**18. বিপরীত শব্দ লেখো ঃ**

দিন, সেরা, সময়, মেয়ে, বাবা, উচ্চ ।

**19. নিচের শব্দগুলির বহুবচন লেখো ঃ**

টিচার, জলের বোতল, ব্যাগ, ছাতা, মেয়ে, বই ।

**20. নিচের দুই সারি শব্দ দেওয়া রয়েছে। সঠিক ভাবে শব্দগুলো রেখা টেনে মিলিয়ে দাওঃ**

| | |
|---|---|
| রাত | ব্যাগ |
| সকাল | বোতল |
| জলের | বই |
| ঢাউস | ছটা |
| সাতাশখানা | আটটা |
| গানের | টিচার |
| নাচের | ইস্কুল |

**করতে পারো ঃ**

কবিতাটি আবৃত্তি করতে পারো । জলের বোতল, বই-খাতা, ছাতা ইত্যাদির ছবি আঁকতে পারো। পড়া এবং অন্যান্য কাজের ফাঁকে সময় বাঁচিয়ে খেলাধূলার মাধ্যমে নিজেদের শৈশবের আনন্দ উপভোগ করার চেষ্টা করো ।